(ii) কৃষি বিভাগ :

উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। বর্তমান কৃষি বান্ধব সরকারের নির্দেশনা, "বোরো ধানের আবাদ কমানো যাবে না" বাস্তবায়নে বদ্ধপরিকর। এ বছরে ভূট্টার লক্ষ্যমাত্রা ছিল ৪১৭০ হেক্টর জমি; তন্মধ্যে ৪১১০ হেক্টর জমিতে ভূট্টা রোপন হয়েছে। রোগ ও পোকার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা ১ইঞ্চি জমিও যাতে অনাবাদী না থাকে সে লক্ষ্যে অনাবাদী পতিত জমি ও বসতবাড়ীর আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন সম্পন্ন হয়েছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার দপ্তরের কার্যক্রমসহ কৃষকদের মাঝে প্রণোদনা অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(iii) প্রাণিসম্পদ বিভাগ :

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। তিনি জানান যে, এ উপজেলায় ফেব্রুয়ারি/২০২৪ মাসে সংকর জাতের গবাদি পশুর বাছুরের সংখ্যা ২৯৫টি ও গবাদী পশুর চিকিৎসা সংখ্যা ২৭৩৬টি। টিকা প্রদানকারী গবাদী পশুর সংখ্যা ৯১৩টি। হাঁস-মুরগীর সংখ্যা ৬৪৩২০টি। চিকিৎসা প্রদানকারী হাঁস-মুরগীর সংখ্যা ১২৭২০টি এবং পোষা প্রাণির চিকিৎসা প্রদান ০৪টি যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। এছাড়া পশু-পাখির রোগ অনুসন্ধানে নমূনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ সংখ্যা ০৪টি, ডিজিজ সার্ভিলেন্স সংখ্যা ০৩টি, খামারি প্রশিক্ষণ প্রদান সংখ্যা ০ জন। এছাড়া তিনি আরও জানান যে, গতমাসে ২২০০ মেট্রিক টন দুধ ও ১৫৮৬ মেট্রিক টন মাংস এবং ৪৫.৮ লক্ষমাত্রা ডিম উৎপাদন করা হয়েছে মর্মে সভায় জানান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(iv) উপজেলা প্রকৌশলী :

(ক) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরের উপজেলা শহর (নন মিউনিসিপ্যাল) মাস্টারপ্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় নিম্নোক্ত প্রকল্পসমূহ পর্যালোচনাপূর্বক সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। প্রকল্পসমূহ নিম্নরুপঃ

| ক্রমিক নং | অনুমোদিত প্রকল্পের নাম | আইডি নম্বর | চেইনেজ |
|---|---|---|---|
| ১. | আরএনএইচ হইতে ইশোরকোল ভায়া কাইয়ুম রুদ্রেশ্বর রাস্তা পাকাকরণ | ১৫২৩৯৫০৬২ | ৩০০০-৪০০০মিটার |
| ২. | জিলা সড়ক এর নিকট ভোটমারী হইতে দইখাওয়া ভায়া চামটাহাট সড়কে বক্স কালভার্ট নির্মাণকরণ | -- | ৫০ মিটার |
| ৩. | তুষভান্ডার দৈনিক বাজার মাল্টিপারপাজ শেড নির্মাণ | -- | -- |
| ৪. | কালীগঞ্জ হাটের মীট শেড ও শান্তিগঞ্জ হাটে একটি ওপেন শেড এর পরিবর্তে তুষভান্ডার বাজরে একটি মাল্টিপারপাজ শেড ও পুরাতন শেড মেরামতকরণ | -- | -- |

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত বিষয়সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। আলোচনান্তে সকল সদস্যগণের মতামতের ভিত্তিতে সভায় সকল সদস্যগণ একমত পোষণ করলে তা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং সড়কের ধরণ: গ্রাম সড়ক (টাইপ-বি দৈর্ঘ্য ২.০০ কি. মি. এবং তদুর্ধ্ব) কপি সংযুক্ত।

(খ) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলার রোড ইনভেন্টরিতে অন্তর্ভুক্ত নেই মর্মে ০৭ (সাত) টি রাস্তা যার দৈর্ঘ্য ১২.১৫ কিঃ মিঃ এবং আইডি নম্বর যথাক্রমে ১৫২৩৯৫২২৭, ১৫২৩৯৫২২, ১৫২৩৯৫২২৯, ১৫২৩৯৫২৩০, ১৫২৩৯৫২৩১, ১৫২৩৯৫২৩২ এবং ১৫২৩৯৫২৩৩ রোড ইনভেন্টরিতে গেজেটের জন্য প্রস্তাব প্রেরণের জন্য সভায় উপস্থাপন করেন। উপস্থাপনকৃত প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনা করা হয় এবং তা সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : উপস্থাপনকৃত প্রস্তাবের উপরে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(গ) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা পরিষদ ভবন মেরামত এবং উপজেলা পরিষদের হলরুম সংস্কার বাবদ ৩৫,০০,০০০/- (পঁয়ত্রিশ লক্ষ) টাকা স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-২ এর ১৩ এপ্রিল ২০২৪ তারিখের ৪৬.০০০০০.০৪৫.২০.০০২.২৩-২৭১ নং স্মারকমূলে বরাদ্দ প্রদান করেন। যা প্রাক্কলন মোতাবেক দ্রুত বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন। উপস্থাপনকৃত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করা হয় এবং সর্বস্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদ ভবন মেরামত এবং উপজেলা পরিষদের হলরুম সংস্কার বাবদ ৩৫,০০,০০০/- (পঁয়ত্রিশ লক্ষ) টাকা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা পিপিআর ও সরকারি বিধিবিধান অনুসরণপূর্বক ব্যয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।



CamScanner

